

জিপিএ-৫ বেশি পেয়েছে মেয়েরা



আনন্দে মাতোয়ারা ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে শিক্ষার্থীরা

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১০ জুলাই ২০২৫ | ১৫:৫০ | আপডেট: ১০ জুলাই ২০২৫ | ১৬:৩২



২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে ছেলেরদের চাইতে বেশি জিপিএ-৫ পেয়েছে মেয়েরা। বৃহস্পতিবার প্রকাশিত ফলাফলে দেখা গেছে, এ বছর সকল বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৩৯ হাজার ৩২ জন শিক্ষার্থী। তাদের মধ্যে ৭৩ হাজার ৬১৬ জন ছাত্রী এবং ৬৫ হাজার ৪১৬ জন ছাত্র রয়েছে। যদিও গত বছর আরও বেশি সংখ্যক, এক লাখ ৮২ হাজার ১২৯ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছিল।

শুধুমাত্র মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় ছাত্ররা জিপিএ-৫ বেশি পেয়েছে। দাখিলে জিপিএ-৫ পেয়েছে ৯ হাজার ৬৬ জন শিক্ষার্থী। তাদের মধ্যে ছাত্র ৪ হাজার ৮৮৭ জন, ছাত্রী ৪ হাজার ১৭৯ জন।

এসএসসি পরীক্ষার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ২৫ হাজার ১৮ জন শিক্ষার্থী। তাদের মধ্যে ছাত্র ৫৮ হাজার ২৩৮ জন, ছাত্রী ৬৬ হাজার ৭৮০ জন।

এসএসসি ভোকেশনাল ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৯৪৮ জন শিক্ষার্থী। তাদের মধ্যে ছাত্র ২ হাজার ২৯১ জন, ছাত্রী ২ হাজার ৬৫৭ জন।

দুপুরে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ফল একযোগে প্রকাশিত হয়েছে। এবারও ফল প্রকাশ ঘিরে কোনো ধরনের আনুষ্ঠানিকতা রাখা হয়নি। তবে সার্বিক বিষয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকার সভাকক্ষে মতবিনিময় সভায় কথা বলেন বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির।

পরীক্ষার্থীরা শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট এবং সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ফল সংগ্রহ করতে পারবে। এ ছাড়া নির্ধারিত শর্টকোড ১৬২২২-তে এসএমএসের মাধ্যমেও ফল পাওয়া যাবে। শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকায় ফলাফল পাওয়া যাবে না।

ফল প্রকাশের পর ফল পুনর্নিরীক্ষণের সময়ও জানিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড। ১১ থেকে ১৭ জুলাই পর্যন্ত এ জন্য আবেদন নেওয়া হবে। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশের দেওয়া বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।

১০ এপ্রিল ২০২৫ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছিল। এবারের এসএসসি ও সমমানের পরীক্ষায় নিয়মিত-অনিয়মিত মিলিয়ে মোট পরীক্ষার্থী ছিল ১৯ লাখ ২৮ হাজার ৯৭০ জন।